


# আধুনিক আরবি ভাষা শিক্ষা

ডঃ মোঃ নাজমুল হক নাদভী

সেন্টার ফর ইসলামিক রিসার্চ এন্ড এরাবিক স্টাডিজ, চট্টগ্রাম





492.75  
N126A

REF.

دروس اللغة العربية الحديثة  
আধুনিক আরবি ভাষা শিক্ষা

ডঃ মোঃ নাজমুল হক নাদভী  
সহযোগী অধ্যাপক, আরবি  
আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

TK-100/-  
C-20

54927  
08.04.09

সেন্টার ফর ইসলামিক রিসার্চ এন্ড এরাবিক স্টাডিজ, চট্টগ্রাম

دروس اللغة العربية الحديثة  
আধুনিক আরবি ভাষা শিক্ষা

ডঃ মোঃ নাজমুল হক নাদভী

প্রথম প্রকাশ  
জানুয়ারী ২০০৯  
পৌষ ১৪১৫  
মহররম ১৪৩০

© প্রকাশক

প্রকাশক  
কাজি আসমা  
পরিচালক, প্রকাশনা বিভাগ  
সেন্টার ফর ইসলামিক রিসার্চ এন্ড এরাবিক স্টাডিজ  
১৫০৯ সৈয়দ শাহ রোড, পশ্চিম বাকলিয়া, চট্টগ্রাম  
ফোন: ০১৮১৯৩৩৬১১৮

প্রচ্ছদ ও মুদ্রণ

নকশা

টুইন প্লাজা ৪র্থ তলা, ১৬৭ কলেজ রোড, চকবাজার, চট্টগ্রাম-৪২০৩।

ফোন: ০৩১-২৮৫২৩৪৯-৫০ ই-মেইল: [service@nokshaworld.com](mailto:service@nokshaworld.com)

ওয়েব সাইট: [www.nokshaworld.com](http://www.nokshaworld.com) ; [www.noksha.media.officelive.com](http://www.noksha.media.officelive.com)

মূল্য : একশত টাকা

---

ADHUNIK ARABI BHASHA SHIKKA (Modern Arabic Language Learning) by  
Dr. Md. Nazmul Hoque Nadwi and Published by Quazi Asma, Centre for Islamic  
Research & Arabic Studies, Chittagong, Bangladesh, January 2009.  
Phone : +8801819336118. E-mail: [dmnhnadwi@yahoo.co.in](mailto:dmnhnadwi@yahoo.co.in)

Price : TK. 100.00 US Dollar : 2.00

ISBN : 984-300-003244-9

## প্রকাশকের কথা

মহাগ্রন্থ আল-কুরআনই একমাত্র গ্রন্থ যা পাঠে পুণ্য লাভ করা যায়। তবে অর্থসহ কুরআন পাঠের আনন্দই ভিন্ন। আরবি ভাষা শিক্ষা ব্যতীত অর্থসহ কুরআন তিলাওয়াত কিছুতেই সম্ভব নয়। আমাদের দেশে যুগপোযোগী আরবি ভাষা শিক্ষা বইয়ের অভাব এখনো পূর্ণ হয়নি। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের সহযোগী অধ্যাপক ডঃ মোঃ নাজমুল হক নাদভী **دروس اللغة العربية الحديثة** বা আধুনিক আরবি ভাষা শিক্ষা শিরোনামে গ্রন্থ প্রণয়নের উদ্যোগ নিয়েছেন – যা বাংলাভাষী আরবি ভাষা শিক্ষার্থীদের যুগপোযোগী বইয়ের চাহিদা পূরণে সহায়ক হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

২০০৮ সালে সেন্টার ফর ইসলামিক রিসার্চ এন্ড এরাবিক স্টাডিজ উষ্টর নাদভী রচিত “আধুনিক আরবি কথোপকথন” শিরোনামে আরবি ভাষাশিক্ষা বিষয়ক আরো একটি মূল্যবান বই প্রকাশ করেছে যা মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ের আরবি ভাষা শিক্ষার্থীদের মাঝে আলোড়ন সৃষ্টি করেছে। উষ্টর নাদভী রচিত “আধুনিক আরবি ভাষা শিক্ষা” গ্রন্থটি প্রকাশের আবেদন জানালে গ্রন্থকার সম্মতি প্রদান করে আমাদের কৃতজ্ঞতার বন্ধনে আবদ্ধ করে নেন।

অসাধারণ ব্যস্ততার মধ্যেও অক্লান্ত পরিশ্রম করে কুরআনপ্রেমী আরবি ভাষা শিক্ষার্থীদের যুগপোযোগী বইটি উপহার দেয়ার জন্য গ্রন্থকারকে ধন্যবাদ জানাই। প্রকাশনা সংস্থা নকশা'র সাথে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক প্রচেষ্টা সুন্দর ও মানসম্মতভাবে বইটি পাঠকের হাতে তুলে দেয়ার ক্ষেত্রে অপারিসীম অবদান রেখেছে। তাঁদের প্রতি আমরা কৃতজ্ঞ।

মহান রাব্বুল আলামীনের দরবারে প্রার্থনা করি অর্থসহ কুরআন অধ্যয়নে বইটি যেন সহায়ক অবদান রাখতে সক্ষম হয়। আমীন!

কাজি আসমা

প্রকাশনা বিভাগ

সেন্টার ফর ইসলামিক রিসার্চ এন্ড এরাবিক স্টাডিজ

চট্টগ্রাম

জানুয়ারী ০১, ২০০৯

## ভূমিকা

আরবি বিশ্বের অন্যতম প্রাচীন ভাষা। বিশ্বের প্রায় দু'শ কোটি মুসলিম সম্প্রদায়ের ধর্মীয় ভাষা। এ ভাষাতেই সমগ্র বিশ্বের শান্তি ও মুক্তির বার্তা নিয়ে নাথিল হয়েছে মহাগ্রন্থ আল-কুরআন। ইসলামের মূল উৎস (আল-কুরআন ও হাদীসে রাসূল) থেকে সরাসরি ইসলামকে জানা ও বুঝা আরবি ভাষাজ্ঞান ছাড়া কিছুতেই সম্ভব নয়। ১৯৮৮ সালে মিশরীয় কথাসাহিত্যিক নাজিব মাহফুযের আরবি ভাষায় সাহিত্যচর্চার স্বীকৃতি স্বরূপ সাহিত্যে নোবেল পুরস্কার প্রাপ্তির পর সমগ্র বিশ্বের সুশীল সমাজে আরবি ভাষা নিজের স্থান সুদৃঢ় করতে শুধু সক্ষম নয় সফলও বটে। তাছাড়া মধ্যপ্রাচ্যের মত আকর্ষণীয় জব মার্কেটে চাকরিদাতাদের ভাষায় নিজেকে উপস্থাপন করার জন্য আধুনিক আরবি ভাষা শিক্ষা অতীব জরুরী। বর্তমানে আরবি ভাষা আন্ত-মহাদেশীয় যোগাযোগের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

পৃথিবীর দু'শ কোটি মুসলমান জীবনে একবারও যদি সঠিক পর্যায়ে নামাজ পড়ে থাকে তাহলে আরবি ভাষাতেই নামাজ পড়তে হবে। কারণ কুরআন পাঠ ব্যতীত নামাজ আদায় হয় না। আরবি ভাষা সহজ না হলে এত বড় সংখ্যক জনগোষ্ঠির পক্ষে একটি বিদেশী ভাষা আয়ত্ত্ব করা সম্ভব হত না। অথচ আমরা শুধুমাত্র নামাজ আদায় করার জন্য আল-কুরআনের সংক্ষিপ্ত কিছু সূরা মুখস্ত করে থাকি। কিন্তু সমগ্র বিশ্বের শান্তি ও মুক্তির দিশারী মহাগ্রন্থ আল-কুরআন বুঝে পড়তে কখনো চেষ্টা করি না। মহান আল্লাহ রাক্বুল আলামীন আল-কুরআনে ঘোষণা দিয়েছেন যে, “আমি আল-কুরআনকে সহজ করে দিয়েছি” অথচ আজ মুসলিম বিশ্বে এই কিতাব দুর্বোধ হয়ে আছে। আরবি ভাষা শিক্ষার জটিল ও ত্রুটিপূর্ণ পদ্ধতিই এজন্য মূলতঃ দায়ী। তাই আমাদের দেশের আরবি শিক্ষার্থীদের মান, পরিবেশ ও যোগ্যতার কথা বিবেচনায় রেখে সৌদি আরবের শিক্ষামন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত অনারবদের আরবি ভাষা শিক্ষা বিষয়ক সিরিজ العربية للنشئين থেকে নির্বাচিত ত্রিশটি অধ্যায় প্রয়োজনীয় সংযোজন-বিয়োজনসহ সংকলন করে “دروس اللغة العربية الحديثة” আধুনিক আরবি ভাষা শিক্ষা শিরোনামে বইটি শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করা হয়েছে। বইটিতে শিক্ষার্থীদের সুবিধার জন্য মূল আরবির সাথে বাংলা অনুবাদ ও অর্থসহ নতুন শব্দমালা সংযোজন করা হয়েছে। প্রতিটি অধ্যায়ে আলোচিত অনুশীলনীর উত্তরমালা বইয়ের শেষাংশে সংযোজন করা হয়েছে। তবে শিক্ষার্থীরা অনুশীলনীসমূহ নিজেরা সমাধান করে উত্তরমালা মিলিয়ে নিলেই অধিক সফলতা আসবে বলে মনে করি।

কম্পিউটার জ্ঞানে সীমাবদ্ধতা, আরবির সাথে অন্য ভাষার একত্রে কম্পোজে সমস্যা ও জটিলতা সত্ত্বেও যথাসাধ্য সুন্দর ও নিখুঁতভাবে কম্পোজ করার নিরলস ও আন্তরিক প্রচেষ্টা করা হয়েছে। তথাপি সম্পূর্ণ নির্ভুল বলা যাবে না। সহকর্মীদের অনুপ্রেরণা, সহযোগিতা, অসংখ্য আরবি ভাষা শিক্ষার্থীদের চাহিদা ও আমার সুপ্রিয় ছাত্র/ছাত্রীদের প্রয়োজনেই কাজটি ত্বরান্বিত হয়েছে। সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। বিশেষ করে সেন্টার ফর ইসলামিক রিসার্চ এন্ড এরাবিক স্টাডিজ, চট্টগ্রাম নিজস্ব তত্ত্বাবধানে বইটি প্রকাশনায় আগ্রহ প্রকাশ করে এর দায়িত্ব নেয়ায় সেন্টারের সকল কর্মকর্তা-কর্মচারীদের জানাই আন্তরিক মোবারকবাদ।

কুরআনপ্রেমী আরবি ভাষা শিক্ষার্থীরা অনুশীলনীসহ বইটি যথাযথভাবে অধ্যয়ন করলে আরবি ভাষা বুঝা, লেখা ও বলার ক্ষেত্রে পারদর্শীতা অর্জনে সফল হবে বলে আমার বিশ্বাস। শিক্ষার্থীদের ন্যূনতম সফলতা অর্জিত হলেই আমার এই ক্ষুদ্র প্রয়াস সার্থকতা পাবে। আল্লাহ আমাদের সকলকে কুরআন বুঝে তিলাওয়াত করার শক্তি দান করুন। আমীন!

মোঃ নাজমুল হক নাদভী

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

জানুয়ারী ০১, ২০০৯

## উৎসর্গ

বাবা মাওলানা সিরাজুল হক  
মা খালেচা বেগম

নানা মরহুম মাওলানা গোলাম সোবহান  
শাওড়ি মরহুমা হাজেরা খাতুন

এবং

কুরআনশ্রেমী আরবি শিক্ষার্থী  
যাঁদের উদ্দেশ্যে এই ক্ষুদ্র প্রয়াস

## সূচিপত্র

প্রথম অধ্যায়	: বাইতুল্লাহর ভ্রমণ	السفر إلى بيت الله الحرام	১১
দ্বিতীয় অধ্যায়	: ছবি	الصورة	১৫
তৃতীয় অধ্যায়	: পরিবারের সদস্যবৃন্দ	أفراد العائلة	১৭
চতুর্থ অধ্যায়	: বাগানে-১	في الحديقة-১	২১
পঞ্চম অধ্যায়	: বাগানে-২	في الحديقة-২	২৩
ষষ্ঠ অধ্যায়	: বাসস্থান-১	السكن	২৬
সপ্তম অধ্যায়	: বাসস্থান-২	السكن-২	২৮
অষ্টম অধ্যায়	: লাইব্রেরিতে	المكتبة	৩১
নবম অধ্যায়	: হারানো ব্যাগ	الحقيبة المفقودة	৩৩
দশম অধ্যায়	: অধ্যয়ন	الدراسة	৩৬
একাদশ অধ্যায়	: স্কুলের দিকে	إلى المدرسة	৩৯
দ্বাদশ অধ্যায়	: সাইকেল ক্রয়	اشترى الدراجة	৪১
ত্রয়োদশ অধ্যায়	: শহরে	في المدينة	৪৪
চতুর্দশ অধ্যায়	: ভ্রমণ প্রস্তুতি	الاستعداد للسفر	৪৭
পঞ্চদশ অধ্যায়	: শখসমূহ-১	الهوايات-১	৪৯
ষোড়শ অধ্যায়	: শখসমূহ-২	الهوايات-২	৫১
সপ্তদশ অধ্যায়	: শ্রেণীকক্ষ	في الفصل	৫৪
অষ্টাদশ অধ্যায়	: অনুপস্থিত ছাত্রবৃন্দ	التلاميذ الغائبون	৫৬
উনিশতম অধ্যায়	: খাবার	الطعام	৫৮
বিশতম অধ্যায়	: খাবার গ্রহণ	تناول الطعام	৬০
একুশতম অধ্যায়	: ছুটি	العطلة	৬৩
বাইশতম অধ্যায়	: জুমাবার	يوم الجمعة	৬৬
তেইশতম অধ্যায়	: স্কুল	المدرسة	৬৮
চব্বিশতম অধ্যায়	: ভবিষ্যত	المستقبل	৭০
পঁচিশতম অধ্যায়	: মাতৃসেবা-১	خدمة الأم-১	৭৩
ছাব্বিশতম অধ্যায়	: মাতৃসেবা-২	خدمة الأم-২	৭৫
সাতাশতম অধ্যায়	: ঘুম থেকে জেগে উঠা	الاستيقاظ من النوم	৭৮
আটাতশতম অধ্যায়	: খামার	المزرعة	৮০
উনত্রিশতম অধ্যায়	: ভীড়	الازدحام	৮৩
ত্রিশতম অধ্যায়	: সংকল্প	العزم	৮৬
একত্রিশতম অধ্যায়	: উত্তরমালা	حل التدريبات	৮৮

আরবি বর্ণমালা  
الحروف العربية

আরবি বর্ণ	আরবি বর্ণের নাম	প্রতিবর্ণ	উদাহরণ			শেষে	মাঝে	শুরুতে
			শেষে	মাঝে	শুরুতে			
ا	ألف আলিফ	আ	ما	باب	أب	ا	ا	ا
ب	باء বা	ব	قلب	كبير	بيت	ب	ب	ب
ت	تاء তা	ত	بنت	كتاب	تین	ت	ت	ت
ث	ثاء ছা	ছ, স	حديث	كثير	ثمر	ث	ث	ث
ج	جيم জীম	জ	مزرع	شجر	جسر	ج	ج	ج
ح	حاء হা	হ	ملح	بحر	حبر	ح	ح	ح
خ	خاء খা	খ	شيخ	نخل	خبز	خ	خ	خ
د	دال দাল	দ	جديد	مدرسة	درس	د	د	د
ذ	ذال যাল	য, জ	منذ	مذهب	ذرة	ذ	ذ	ذ
ر	راء রা	র	وزير	مروحة	رأس	ر	ر	ر
ز	زاء যা	য	رمز	میزان	زميل	ز	ز	ز
س	سين সীন	স	مجلس	مسيح	سما	س	س	س
ش	شين শীন	শ, ষ	عرش	نشرة	شمس	ش	ش	ش

আরবি বর্ণ	আরবি বর্ণের নাম	প্রতিবর্ণ	উদাহরণ			শেষে	মাঝে	শুরুতে
			শেষে	মাঝে	শুরুতে			
ص	صَاد সোয়াদ	চ, স	قفص	مصباح	صديق	ص	ص	ص
ض	ضَاد দোয়াদ	দ	مريض	فضل	ضيف	ض	ض	ض
ط	طَاء তোয়া	ত	خط	مطار	طفل	ط	ط	ط
ظ	ظَاء যোয়া	য	حفيظ	منظر	ظرف	ظ	ظ	ظ
ع	عَيْن আইন	অ	بيع	طعام	عنب	ع	ع	ع
غ	غَيْن গাইন	গ	بليغ	بغى	غلام	غ	غ	غ
ف	فَاء ফা	ফ	شريف	نفع	فرد	ف	ف	ف
ق	قَاف ক্বাফ	ক্ব	أفق	بقرة	قلم	ق	ق	ق
ك	كَاف কাফ	ক	سمك	مكتب	كتاب	ك	ك	ك
ل	لَام লাম	ল	قفل	جلا	لحم	ل	ل	ل
م	مِيم মীম	ম	كريم	سمك	مطر	م	م	م
ن	نُون নুন	ন, ণ	وطن	منقار	نجم	ن	ن	ن
و	وَوا ওয়াও	ও, উ	جو	قوم	وجه	و	و	و
ه	هَاء হা	হ	وجه	نهر	هلال	ه	ه	ه
ي	يَاء ইয়া	ই, য়	كرسي	بيت	يد	ي	ي	ي

## الدَّرْسُ الْأَوَّلُ

### السَّفَرُ إِلَى بَيْتِ اللَّهِ الْحَرَامِ

أَحْمَدُ مِنْ مَالِيْزِيَا وَهُوَ مُسَافِرٌ إِلَى مَكَّةَ الْمُكَرَّمَةِ لِلْعُمْرَةِ. وَصَلَ أَحْمَدُ مُبَكَّرًا إِلَى الْمَطَارِ. الطَّائِرَةُ مُتَأَخَّرَةٌ. ذَهَبَ أَحْمَدُ إِلَى اسْتِرَاحَةِ الْمَطَارِ وَجَلَسَ يَنْتَظِرُ الطَّائِرَةَ الْقَادِمَةَ مِنْ جَدَّةَ.

وَصَلَتِ الطَّائِرَةُ الْآنَ , ارْتَدَى أَحْمَدُ مَلَابِسَ الْإِحْرَامِ وَأَسْرَعَ إِلَى الطَّائِرَةِ. رَكِبَ أَحْمَدُ الطَّائِرَةَ وَجَلَسَ بِالْقُرْبِ مِنَ النَّافِذَةِ ثُمَّ فَتَحَ الْمُصْحَفَ لِيَقْرَأَ الْقُرْآنَ الْكَرِيمَ.

الطَّائِرَةُ تُطِيرُ الْآنَ فَوْقَ مَطَارِ جَدَّةَ ثُمَّ تَهَيِّطُ بِسَلَامٍ, يَنْزِلُ أَحْمَدُ مِنَ الطَّائِرَةِ ثُمَّ يَحْمِلُ حَبِيْبَتَهُ وَيُسْرِعُ إِلَى صَالَةِ الْمَطَارِ.

## প্রথম অধ্যায়

### বাইতুল্লাহর ভ্রমণ

আহমদ মালয়েশিয়ার অধিবাসী। তিনি ওমরা করার জন্য মক্কা মোকাররমাহ ভ্রমণ করেছেন। আহমদ ভোরে বিমানবন্দরে পৌঁছাল, বিমান বিলম্বিত। তিনি বিমানবন্দরের বিশ্রামাগারের দিকে গেলেন এবং জেদ্দা থেকে ফিরতি/আগত বিমানের জন্য বসে অপেক্ষা করতে লাগলেন।

বিমান এখন পৌঁছেছে, আহমদ ইহ্রামের পোষাক পরিধান করলেন এবং বিমানের দিকে দ্রুত গেল। আহমদ বিমানে আরোহণ করে জানালার পাশে বসলেন। অতঃপর কুরআন করিম পড়ার জন্য মুসহাফ (পবিত্র গ্রন্থ) খুললেন।

বিমান জেদ্দা বিমানবন্দরের উপরে উড্ডয়ন করেছে অতঃপর শান্তিপূর্ণভাবে অবতরণ করেছে, আহমদ বিমান থেকে নেমে তার ব্যাগ নিয়ে বিমানবন্দরের লাউঞ্জেয়র দিকে দ্রুত যাচ্ছেন।

## الكلمات والمفردات الجديدة

অপেক্ষা করছে	يَنْتَظِرُ	বিমান	الطَّائِرَةُ	ব্যাগ	حَقِيْبَةٌ
ফিরতি/আগত	القَادِمَةُ	বিলম্বিত	مُتَأَخِّرَةٌ	বহন করছে	يَحْمِلُ
পরিধান করছে	إِرْتَدَى	গিয়েছে	ذَهَبَ	দিকে	إِلَى
পোশাক/ড্রেস	مَلَابِسَ	বিশ্রাম করা	اسْتَرَاْحَةٌ	লাউঞ্চ	صَالَةٌ
ইহরাম	الإِحْرَامُ	বসেছে	جَلَسَ	ভ্রমণ করা	السَّفَرُ
পড়ছে	يَقْرَأُ	জানালা	النَّافِذَةُ	দ্রুত গেল	أَسْرَعَ
উড্ডয়ন করছে	تَطْيِرُ	খুলেছে	فَتَحَ	ভ্রমণকারি	مُسَافِرُ
এখন	الآن	পবিত্র গ্রন্থ	المُصْحَفَ	আরোহণ করেছে	رَكِبَ
শান্তিপূর্ণভাবে	يَسْلَمَ	অবতরণ করছে	تَهْبِطُ	পৌছাল	وَصَلَ
ভাৱে	مُبْكَرًا	উপরে	فَوْقَ	দ্রুত যাচ্ছে	يُسْرَعُ
বিমানবন্দর	المَطَارَ	নামছে	يُنْزِلُ	অতঃপর	ثُمَّ

### التدريبات:

#### (أ) أكمل الجمل الآتية بالكلمة المناسبة:

- أحمد مسافر إلى ..... المكرمة.
- أحمد مسافر .....  
 ১- المدينة. ২- مكة. ৩- جدة.
- أحمد مسافر .....  
 ১- للحج. ২- للدراسة. ৩- للعمرة.
- ارتدى أحمد ملابس .....  
 ১- المدرسة. ২- النوم. ৩- الإحرام.
- أحمد ينتظر الطائرة القادمة من .....  
 ১- جدة. ২- ماليزيا. ৩- مكة.
- جلس أحمد بالقرب من .....  
 ১- الباب. ২- النافذة. ৩- المطار.

#### (ب) أجب عن الأسئلة الآتية من النص:

- من أين أحمد؟
- إلى أين هو مسافر؟
- ماذا ارتدى أحمد؟
- لماذا فتح المصحف؟
- ماذا يحمل أحمد؟

ج) صل بين الكلمات المضادة في المعنى:

تطير	قادم
يركب	صعب
سهل	كبير
صغير	تهبط
مسافر	بنزل

د) استبدل كما في المثالين:

- ( أحمد ينتظر الطائرة القادمة من جدة ) .  
المثال الأول: (السيارة) أحمد ينتظر السيارة القادمة من جدة .  
المثال الثاني: (الرياض) أحمد ينتظر السيارة القادمة من الرياض .

الآن دورك:

- ١- (الرحلة) .....
- ٢- (بغداد) .....
- ٣- (الحقيقية) .....
- ٤- (عمان) .....
- ٥- (الصحيفة) .....

ح) املأ الفراغ بالكلمة المناسبة من بين القوسين:

(يحمل- ينزل- يسرع- مبكرا- تطير)

- ١- وصل أحمد .....
- ٢- الطائرة ..... فوق المطار .
- ٣- أحمد ..... حقيبته .
- ٤- المدير ..... من السيارة .
- ٥- المدرس ..... إلى الطائرة .

ط) رتب الكلمات الآتية لتكون جملا مفيدة :

- ١- الرياض- حسن- للدراسة- مسافر- إلى .
- ٢- الكويت- فوق- الطائرة- مطار- الآن- تطير .
- ٣- تنتظر- من- الطائف- الحافلة- فاطمة- القادمة .
- ٤- قادم- مصر- المدرس- من .
- ٥- التلميذ- الباب- من- بالقرب- يجلس .

ي) اربط الجملتين كما في المثالين:

المثال الأول: ١- فتح أحمد المصحف. ٢- يقرأ أحمد القرآن.

فتح أحمد المصحف ليقرا القرآن .

المثال الثاني: ١- ذهب أحمد إلى المسجد. ٢- يصلي أحمد الظهر.

ذهب أحمد إلى المسجد ليصلي الظهر .

الآن دورك:

١) ١- ذهب أحمد إلى الملعب. ٢- يلعب أحمد كرة القدم .

٢) ١- ركب أحمد السيارة. ٢- يصل أحمد إلى المدرسة مبكرا .

٣) ١- فتح أحمد النافذة. ٢- تدخل الشمس الحجره .

٤) ١- جلس أحمد أمام المائدة. ٢- يتناول أحمد الفطور .

٥) ١- دخل أحمد المكتبة. ٢- يشتري أحمد الكتاب .

٦) ١- دخلت فاطمة المطبخ. ٢- تساعد فاطمة أمها .

## দ্বিতীয় অধ্যায়: ছবি

## الدرس الثاني : الصورة

কথোপকথন:	الحوار:
ওমর : শুভ সন্ধ্যা ।	عُمَرُ : مَسَاءُ الْخَيْرِ
আহমদ : আলোকিত সন্ধ্যা ।	أَحْمَدُ : مَسَاءُ النُّورِ .
ওমর : এই ছবিটি কার ?	عُمَرُ : لِمَنْ هَذِهِ الصُّورَةُ ؟
আহমদ : এই ছবিটি আমার পরিবারের ।	أَحْمَدُ : هَذِهِ الصُّورَةُ لِعَائِلَتِي .
ওমর : ইনি কে ?	عُمَرُ : مَنْ هَذَا ؟
আহমদ : ইনি আমার বাবা ।	أَحْمَدُ : هَذَا وَالِدِي .
ওমর : তিনি কী করছেন ?	عُمَرُ : مَاذَا يَفْعَلُ ؟
আহমদ : তিনি গাড়ী ধৌত করছেন ।	أَحْمَدُ : هُوَ يَغْسِلُ السَّيَّارَةَ .
ওমর : ইনি কে ?	عُمَرُ : مَنْ هَذِهِ ؟
আহমদ : ইনি আমার মা ।	أَحْمَدُ : هَذِهِ وَالِدَتِي .
ওমর : তিনি কী করছেন ?	عُمَرُ : مَاذَا تَفْعَلُ ؟
আহমদ : তিনি বাগান পরিষ্কার করছেন ।	أَحْمَدُ : هِيَ تُنْظِفُ الْحَدِيقَةَ .
ওমর : যিনি কফি পান করছেন তিনি কে?	عُمَرُ : وَمَنْ الَّذِي يَتَنَاوَلُ الْقَهْوَةَ ؟
আহমদ : ইনি আমার দাদা ।	أَحْمَدُ : هَذَا جَدِّي .
ওমর : যিনি টেলিভিশন দেখছেন তিনি কে?	عُمَرُ : وَمَنْ الَّتِي تَشَاهِدُ التِّلْفِزِيُونَ ؟
আহমদ : তিনি আমার দাদী ।	أَحْمَدُ : هَذِهِ جَدَّتِي .

## الكلمات والمفردات الجديدة

বাগান / পার্ক	الْحَدِيقَةُ	পরিবার	عَائِلَةٌ	আলোকিত সন্ধ্যা	مَسَاءُ النُّورِ
গ্রহণকরা	يَتَنَاوَلُ	পিতা	وَالِدٌ	সে (পূং) করছে	يَفْعَلُ
কফি	الْقَهْوَةُ	মাতা	وَالِدَةٌ	ছবি	الصُّورَةُ
উপভোগ করা	تَشَاهِدُ	সে / তিনি	هُوَ / هِيَ	ইহা / এইটি / ইনি	هَذَا
টেলিভিশন	التِّلْفِزِيُونَ	সে পরিষ্কার করছে	تُنْظِفُ	শুভ সন্ধ্যা	مَسَاءُ الْخَيْرِ
যে / যিনি(স্ত্রী)	الَّتِي	যে / যিনি(পু)	الَّذِي	গাড়ী	السَّيَّارَةُ

## التدريبات :

(أ) أجب عن الأسئلة الآتية من نص الحوار.

- ১- لمن هذه الصورة ؟
- ২- ماذا يفعل والد أحمد ؟
- ৩- من التي تنظف الحديقة ؟
- ৪- من الذي يتناول القهوة ؟
- ৫- ماذا تفعل جدته ؟

ب) استبدل كما في المثالين:

المثال الأول: (صورة/ عائلة) هذه الصورة لعائلتي .

المثال الثاني: (قلم/ والد) هذا القلم لوالدي .

الآن دورك :

١- (ساعة/ والدة) ..... ٢- (كتاب/ أخ) .....

٣- (حقيبة / أخت) ..... ٤- (فطور/ جد) .....

٥- (نظارة/ جدة) .....

ج) هات أسئلة كما في المثال:

مثال : ( يتناول القهوة ) ١- من الذي يتناول القهوة؟ ٢- من التي تتناول القهوة؟

الآن دورك :

١- مثال : (يكتب الواجب)

١ ..... ٢ .....

٢- مثال : (يقرأ الكتاب)

١ ..... ٢ .....

٣- مثال : (يغسل السيارة)

١ ..... ٢ .....

٤- مثال : (ينظف الحديقة)

١ ..... ٢ .....

٥- مثال : (يشاهد التلفزيون)

١ ..... ٢ .....

٦- مثال : (يلعب الكرة)

١ ..... ٢ .....

## الدرس الثالث: في أفراد العائلة

تَسْكُنُ عَائِلَةُ أَحْمَدَ فِي بَيْتٍ كَبِيرٍ وَهِيَ عَائِلَةٌ نَشِيطَةٌ تَعْمَلُ كَثِيرًا. هَذَا وَالِدُ أَحْمَدَ فِي الْحَدِيقَةِ يَغْسِلُ السَّيَّارَةَ. هَذِهِ وَالِدَتُهُ فِي الْمَطْبَخِ تُعِدُّ طَعَامَ الْغَدَاءِ. وَهَذِهِ أُخْتُهُ فِي غُرْفَةِ الطَّعَامِ وَهِيَ تُنْظِفُ الْمَائِدَةَ. وَهَذَا جَدُّهُ فِي غُرْفَةِ الْجُلُوسِ وَهُوَ يَجْلِسُ خَلْفَ الطَّاوِلَةِ يَسْتَمِعُ إِلَى الرَّادِيُوِّ. وَهَذِهِ جَدَّتُهُ فِي الْحَمَّامِ وَهِيَ تُغْسِلُ الْمَلَابِسَ. وَهَذَا أَحْمَدُ فِي غُرْفَةِ الْمَكْتَبَةِ وَهُوَ يَقْرَأُ.

فِي الظُّهْرِ تُصَلِّيُ الْعَائِلَةُ ثُمَّ تَجْلِسُ حَوْلَ الْمَائِدَةِ وَتَتَنَاوَلُ الْغَدَاءَ.

## তৃতীয় অধ্যায়: পরিবারের সদস্যবৃন্দ

আহমদের পরিবার বড় একটি বাড়ীতে থাকে এবং এটি একটি উদ্যমী পরিবার: প্রচুর কাজ করে। ইনি আহমদের বাবা বাগানের মধ্যে গাড়ী ধৌত করছেন, ইনি তার মা, রান্নাঘরে দুপুরের খাবার তৈরী করছেন এবং ইনি তার বোন, খাবার ঘরে খাবার টেবিল পরিষ্কার করছেন এবং ইনি তার দাদা, বসার ঘরে তিনি টেবিলের পিছনে বসে রেডিও শুনছেন এবং ইনি তার দাদী বাথরুমে কাপড় ধৌত করছেন এবং ইনি আহমদ, লাইব্রেরি ঘরে তিনি পড়ছেন।

দুপুরে পরিবারটি নামাজ পড়ে। অতঃপর ডাইনিং টেবিলের চারপাশে বসে দুপুরের খাবার গ্রহণ করে।

## الكلمات والمفردات الجديدة

পরিবার	عائلة	থাকে/বাস করে	تَسْكُن	উদ্যমী/কর্মী	نشيطة
খাবার টেবিল	المائدة	ধোচ্ছে (স্ত্রী)	تُغْسَلُ	দুপুর	الظهر
প্রচুর	كثيراً	তৈরী করছে	تُعَدُّ	চারপাশে	حول
তার মা	والدته	ধোচ্ছে (পু)	يُغْسَلُ	বাথরুম	الحمام
তার বোন	أخته	পরিষ্কার করছে	تُنظَّفُ	টেবিল	الطاولة
তার দাদা	جده	সে শুনছে	يَسْمَعُ	লাইব্রেরি কক্ষ	غرفة المكتبة
তার দাদী	جدته	বসেছে	يجلس	কাপড়/পোষাক	الملايس
রান্নাঘর	المطبخ	সে পড়ছে	يقرأ	খাবার কক্ষ	غرفة الطعام
বাগান/পার্ক	الحديقة	নামাজ পড়ে	تُصَلِّي	বসার কক্ষ	غرفة الجلوس
খাবার	طعام	গ্রহণ করে	تتناول	গাড়ী	السيارة
দুপুরের খাবার	الغداء	কাজ করে	تعمل	বড় বাড়ী	بيت كبير

### التدريبات:

#### أ) أكمل الجمل الآتية بالكلمة المناسبة :

- ১- والدة أحمد تعد طعام .....  
 ১- الفطور . ২- الغداء . ৩- العشاء .
- ২- والد أحمد في .....  
 ১- المطبخ . ২- الحديقة . ৩- الحمام .
- ৩- ..... أحمد يستمع إلى الراديو .  
 ১- أخت . ২- جدة . ৩- جد .
- ৪- أحمد يجلس في غرفة .....  
 ১- المكتبة . ২- الطعام . ৩- الجلوس .
- ৫- العائلة تجلس ..... المائدة .  
 ১- أمام . ২- حول . ৩- فوق .

#### ب) أجب عن الأسئلة الآتية من النص:

- ১- أين تسكن عائلة أحمد ?
- ২- من تغسل الملابس ?
- ৩- من يجلس خلف الطاولة ?
- ৪- من الذي يغسل السيارة ?
- ৫- من التي تنظف المائدة ?
- ৬- ماذا تفعل والدة أحمد ?

ج) صل بين الكلمات المضادة في المعنى :

خلف	مسافر
قادم	لا
أذهب	أمام
هات	تعال
نعم	خذ

د) استبدل مع تغيير ما يلزم كما في المثالين:

(تَسْكُنُ عَائِلَةٌ أَحْمَدَ فِي بَيْتِ كَبِيرٍ)

المثال الأول: (صديق) يَسْكُنُ صَدِيقٌ أَحْمَدَ فِي بَيْتِ كَبِيرٍ .

المثال الثاني: (صغير) يَسْكُنُ صَدِيقٌ أَحْمَدَ فِي بَيْتِ صَغِيرٍ .

الآن دورك:

- ١- (جد) .....
- ٢- (جميل) .....
- ٣- (جدة) .....
- ٤- (جديد) .....
- ٥- (أخت) .....

ح) املا الفراغ بالكلمة المناسبة من بين القوسين:

(تغسل- تنظف- خلف- يستمع- تعد)

- ١- يجلس المدير ..... الطاولة .
- ٢- فاطمة ..... الملابس .
- ٣- والدتي ..... الطعام .
- ٤- أختي ..... غرفة الجلوس .
- ٥- ..... صديقي إلى الراديو .

ط) رتب الكلمات الآتية لتكون جملا مفيدة :

- ١- في- هذا- غرفة- أخي- النوم .
- ٢- جميلة- أختي- في- شقة - تسكن .
- ٣- التلفزيون- أمام - الأولاد - يجلس .
- ٤- زينب- المطبخ - صديقة - في - هذه .

٥- الفطور - فاطمة - طعام - تعد .

ي) استبدل مع تغيير ما يلزم كما في المثال :  
(هَذَا وَالذُّ أُمَدَّ فِي الْحَقِيقَةِ)

المثال : (والدة/ المطبخ) هذه والدة أحمد في المطبخ .  
الآن دورك :

- ١- (صديق/الصف) .....
- ٢- (أخت/ الملعب) .....
- ٣- (أستاذ/المكتبة) .....
- ٤- (خاله/ غرفة الجلوس) .....
- ٥- (جد/ غرفة الطعام) .....
- ٦- (جدة/ غرفة النوم) .....

## الدرس الرابع: في الحديقة- ١

### চতুর্থ অধ্যায়: বাগানে-১

কথোপকথন:

الحوار:

- বাবা : ছেলে-মেয়েরা স্কুল থেকে কখন পৌঁছল?  
 মা : ছেলে-মেয়েরা কিছুক্ষণ পূর্বে পৌঁছেছে।  
 বাবা : তারা এখন কোথায় ?  
 মা : তারা এখন বাড়ীর বাগানে।  
 বাবা : হাসান কী করছে ?  
 মা : সে আরবি ভাষার একটি বই পড়ছে।  
 বাবা : আদিল কী করছে ?  
 মা : সে বাগানের গাছে পানি দিচ্ছে।  
 বাবা : ফাতিমা কী করছে ?  
 মা : সে তার খালার কাছে একটি চিঠি লিখছে।  
 বাবা : তুমি তাদেরকে বল দুপুরের খাবার তৈরী।
- الأب : متى وصل الأولاد من المدرسة؟  
 الأم : وصل الأولاد قبل قليل.  
 الأب : أين هم الآن؟  
 الأم : هم الآن في حديقة المنزل.  
 الأب : ماذا يعمل حسن؟  
 الأم : هو يقرأ في كتاب اللغة العربية.  
 الأب : ماذا يعمل عادل؟  
 الأم : هو يسقي أشجار الحديقة.  
 الأب : ماذا تعمل فاطمة؟  
 الأم : هي تكتب رسالة إلى خالتها.  
 الأب : قولي لهم: الغداء جاهز.

### الكلمات والمفردات الجديدة

বিদ্যালয়	الْمَدْرَسَة	সে পৌঁছাল	وَصَلَ	তার খালা	خَالَتَهَا
সামান্য/অল্প	قَلِيلٌ	পূর্বে	قَبْلَ	তাদেরকে	لَهُمْ
তারা	هُمْ	কোথায়	أَيْنَ	বাগানের বৃক্ষ	أَشْجَارَ الْحَدِيقَةِ
কী ?	مَاذَا	বাগান	حَدِيقَةٍ	আরবি ভাষা	اللُّغَةِ الْعَرَبِيَّةِ
সে কাজ করছে	يَعْمَلُ	সে পড়ছে	يَقْرَأُ	এখন	الآن
সে লিখছে	تَكْتُبُ	সে পানি দিচ্ছে	يَسْقِي	বাড়ী	الْمَنْزَلِ
দুপুরের খাবার	الغذاء	চিঠি/পত্র	رِسَالَةً	কখন	مَتَى
তৈরী	جَاهِزٌ	তুমি (স্ত্রী) বল	قُولِي	ছেলে-মেয়েরা	الأولاد

التدريبات :

(أ) أجب عن الأسئلة الآتية من نص الحوار :

- ١- من وصل من المدرسة ؟
- ٢- متى وصل الأولاد من المدرسة ؟
- ٣- أين الأولاد الآن ؟
- ٤- ماذا يعمل حسن ؟

٥- من يسقي أشجار الحديقة ؟

٦- ماذا تكتب فاطمة ؟

٧- لمن تكتب فاطمة ؟

(ب) استبدل مع تغيير ما يلزم كما في المثال :

( هو يقرأ في كتاب اللغة العربية . )

المثال : (أنت/الإنجليزية) أنت تقرأ في كتاب اللغة الإنجليزية .

الآن دورك :

١- (أنا/الفرنسية) ٢- (أنت/الألمانية) ٣- (هي/الإسبانية)

٤- (نحن/الإيطالية) ٥- (عثمان/الأردية) ٦- (مريم/السواحلية)

(ج) استبدل مع تغيير ما يلزم كما في المثال :

( هي تكتب رسالة إلى خالتها . )

المثال الأول : (هو/صديق) هو يكتب رسالة إلى صديقه .

الآن دورك :

١- (أنا/والد) ٢- (أنت/أخت) ٣- (هي/صديقة)

٤- (نحن/جد) ٥- (أحمد/جدة) ٦- (زينب/مدرسة)

## الدرس الخامس: في الحديقة - ٢

فِي بَيْتِ عَمْرٍ حَدِيقَةٌ وَاسِعَةٌ. فِي الْحَدِيقَةِ اشْجَارٌ كَثِيرَةٌ وَزُهُورٌ جَمِيلَةٌ. هَذِهِ اشْجَارُ الْبُرْتِقَالِ وَتِلْكَ اشْجَارُ الثَّقَاحِ. وَهُنَا مَسَبِّحٌ صَغِيرٌ وَهُنَاكَ مَلْعَبٌ كَبِيرٌ.

تَجْلِسُ الْعَائِلَةُ فِي الْحَدِيقَةِ. الْأَبُ يَسْبُحُ فِي الْمَسْبُوحِ وَالْأُمُّ تَقْرَأُ بَعْضَ الصُّحُفِ وَالْمَجَلَّاتِ وَعَمْرٌ يَرَاجِعُ دُرُوسَهُ وَفَاطِمَةُ تَكْتُبُ الْوَاجِبَ الْمَنْزَلِيَّ.

فِي الْمَسَاءِ تَجْلِسُ الْعَائِلَةُ فِي عُرْفَةِ الْجُلُوسِ. تُشَاهِدُ التِّلْفِزِيُونَ ثُمَّ تَذْهَبُ إِلَى عُرْفَةِ الطَّعَامِ وَتَتَنَاوَلُ الْعِشَاءَ.

### পঞ্চম अध्याय: बागाने-२

ওমরের বাড়ীতে প্রশস্ত একটি বাগান আছে। বাগানে প্রচুর বৃক্ষাদি ও সুন্দর ফুল আছে। এইগুলো কমলালেবুর গাছ এবং ঐগুলো আপেলের গাছ, এখানে ছোট্ট একটি সুইমিংপুল আছে এবং এখানে একটি বড় খেলার মাঠ আছে।

পরিবারটি বাগানে বসেছে, বাবা সুইমিংপুলে সাঁতার কাটছেন এবং মা কিছু পত্রিকা ও ম্যাগাজিন পড়ছেন, ওমর তার পাঠ বার বার পড়ছে এবং ফাতিমা বাড়ীর কাজ লিখছে।

সন্ধ্যায় পরিবারটি বসার ঘরে বসে, টেলিভিশন দেখে (উপভোগ করা) অতঃপর খাবার ঘরে যায় এবং রাতের খাবার গ্রহণ করে।

### الكلمات والمفردات الجديدة

পরিবার	العائلة	প্রশস্ত	واسعة	তার পাঠসমূহ	دروسه
ফুলসমূহ	زهور	প্রচুর	كثيرة	বাড়ীর কাজ	الواجب المنزلي
এখানে	هنا	আপেল	الثقاح	সে সাঁতার কাটছে	يسبح
এখানে	هناك	সুইমিংপুল	مسبح	পত্রিকাসমূহ	الصحف
কিছু	بعض	সে পড়ছে	تقرأ	কমলালেবু	البرتقال
বার বার করা	يراجع	সাময়িকীসমূহ	المجلات	খেলার মাঠ	ملعب
গ্রহণ করা	تتناول	সে লিখছে	تكتب	বাগান/পার্ক	حديقة
রাতের খাবার	العشاء	সন্ধ্যা	المساء	বৃক্ষাদি	اشجار

التدريبات :

أ) أكمل الجمل الآتية بالكلمة المناسبة :

- ١ - في بيت عمر حديقة .....  
١ صغيرة . ٢ - واسعة . ٣ - جميلة .
- ٢ - الأب يسبح في .....  
١ - الملعب . ٢ - الحديقة . ٣ - المسبح .
- ٣ - الأم تقرأ بعض .....  
١ - الكتب . ٢ - الصحف . ٣ - الرسائل .
- ٤ - في ..... تشاهد العائلة التلفزيون .  
١ - المساء . ٢ - الصباح . ٣ - الظهر .
- ٥ - تتناول العائلة العشاء في غرفة .....  
١ - النوم . ٢ - الجلوس . ٣ - الطعام .

ب) أجب عن الأسئلة الآتية من النص :

- ١ - ماذا في بيت عمر ؟
- ٢ - ماذا في الحديقة ؟
- ٣ - من الذي يسبح في المسبح ؟
- ٤ - من التي تكتب الواجب المنزلي ؟
- ٥ - ماذا يعمل عمر ؟
- ٦ - ماذا تعمل الأم ؟

ج) استبدل كما في المثال :

(في بيت عمر حديقة واسعة)

المثال : (ملعب/كبير) في بيت عمر ملعب كبير .

الآن دورك :

- ١ - (أشجار/كثيرة) ٢ - (مسيح/صغير) ٣ - (زهور/جميلة)
- ٤ - (تلفزيون/جميل) ٥ - (سيارة/جديدة)

د) املاء الفراغ بالكلمة المناسبة من بين القوسين:  
(التلميذة- المدرس- الأم- جميلة- واسع)

- ١- في بيت المدير حديقة.....
- ٢- هناك ملعب.....
- ٣- تراجع..... دروسها.
- ٤- يقرأ بعض الكتب.....
- ٥- تتناول العشاء.....

ح) رتب الكلمات الآتية لتكون جملا مفيدة :

- ١- كتاب- التلميذ- حقيبة- جديد- في .
- ٢- الصف- كُثيرات- تلميذات- في .
- ٣- أحمد- الملعب- في- يلعب .
- ٤- غرفة- المدير- المدرس- يذهب- الصباح- في- إلى.
- ٥- حسين- المنزلي- الواجب- يكتب .

ط) استبدل مع تغيير ما يلزم كما في المثالين:  
(عَمْرُ يُرَاجِعُ دُرُوسَهُ)  
المثال الأول: (فاطمة) فاطمة تراجع دروسها .  
المثال الثاني: (أنا) أنا أراجع دروسي .

الآن دورك :

- |          |            |          |
|----------|------------|----------|
| ٣- (هو)  | ٢- (خديجة) | ١- (أنت) |
| ٦- (عمر) | ٥- (نحن)   | ٤- (هي)  |

## ষষ্ঠ অধ্যায়: বাসস্থান

## الدرس السادس: السكن

অধ্যক্ষ : তোমার নাম কী ?	المُدِيرُ : مَا اسْمُكَ ؟
ছাত্র : আমার নাম সালিহ ।	التَّلْمِيذُ : اسْمِي صَالِحٌ .
অধ্যক্ষ : তোমার বয়স কত ?	المُدِيرُ : كَمْ سَنَةً عُمُرُكَ ؟
ছাত্র : আমার বয়স পনের বৎসর ।	التَّلْمِيذُ : عُمُرِي خَمْسَ عَشْرَةَ سَنَةً .
অধ্যক্ষ : তুমি কোথায় থাক/বাস কর ?	المُدِيرُ : أَيْنَ تَسْكُنُ ؟
ছাত্র : আমি রিয়াদে থাকি ।	التَّلْمِيذُ : أَسْكُنُ فِي الرِّيَاضِ .
অধ্যক্ষ : তুমি কোন রোডে থাক ?	المُدِيرُ : فِي أَيِّ شَارِعٍ تَسْكُنُ ؟
ছাত্র : আমি বিশ্ববিদ্যালয় রোডে থাকি ।	التَّلْمِيذُ : أَسْكُنُ فِي شَارِعِ الْجَامِعَةِ .
অধ্যক্ষ : তুমি কোন মহল্লায় থাক ?	المُدِيرُ : فِي أَيِّ حَيٍّ تَسْكُنُ ؟
ছাত্র : আমি আবাসিক এলাকায় থাকি ।	التَّلْمِيذُ : أَسْكُنُ فِي حَيِّ الْعِمَارَاتِ .
অধ্যক্ষ : তুমি যেই আবাসিকে থাক তার নাম কী ?	المُدِيرُ : مَا اسْمُ الْعِمَارَةِ الَّتِي تَسْكُنُ فِيهَا .
ছাত্র : তার নাম আল-সালাম আবাসিক ।	التَّلْمِيذُ : اسْمُهَا عِمَارَةُ السَّلَامِ .

### الكلمات والمفردات الجديدة

বছর	سَنَةٌ	কী ?	مَا	আবাসিক এলাকা	الْعِمَارَاتِ
তুমি থাক/বাস কর	تَسْكُنُ	কত ?	كَمْ	পনের	خَمْسَ عَشْرَةَ
সড়ক/রোড	شَارِع	কোথায় ?	أَيْنَ	আমার বয়স	عُمُرِي
বিশ্ববিদ্যালয়	الْجَامِعَةِ	কোন ?	أَيِّ	তোমার বয়স	عُمُرِكَ
এলাকা/মহল্লা	حَيٍّ	যে/যিনি/যেইটি	الَّتِي	তোমার নাম	اسْمُكَ
আবাসিক	الْعِمَارَةُ	তার মধ্যে(স্ত্রী)	فِيهَا	ছাত্র	التَّلْمِيذُ
রিয়াদ(স্থান)	الرِّيَاضِ	তার মধ্যে(পু)	فِيهِ	অধ্যক্ষ	المُدِيرُ

### التدريبات :

أ) أجب عن الأسئلة الآتية من نص الحوار :

১- ما اسم التلميذ ؟

২- كم سنة عمره ؟

৩- أين يسكن ؟

- ٤- في أي شارع يسكن ؟  
 ٥- ما اسم الحي الذي يسكن فيه ؟  
 ٦- في أي عمارة يسكن ؟

ب) استبدل كما في المثال:

(في أي شارع تُسكنُ ؟)

المثال : (كتاب/تقرأ) في أي كتاب تقرأ ؟

الآن دورك :

- ١- (درس/تكتب)      ٢- (مسجد/تصلي)      ٣- (غرفة/تجلس)  
 ٤- (مدرسة/تدرس)      ٥- (ملعب/تلعب)      ٦- (مسيح/تسبح)  
 ٧- (شارع/تسكن)

ج) استبدل مع تغيير ما يلزم كما في المثالين:

(أنا) عُمُرِي خَمْسَ عَشْرَةَ سَنَةً .

المثال الأول : (أنت/ثلاث) (أنت) عمرك ثلاث عشرة سنة .

المثال الثاني: (هاشم/تسع) (هاشم) عمره تسع عشرة سنة .

الآن دورك :

- ١- (أنت/أربع)      ٢- (هو/ست)      ٣- (هي/سبع)  
 ٤- (حسن/ثمانى)      ٥- (زينب/تسع)      ٦- (أنا/خمس)  
 ٧- (أنت/ثلاث)

د) أجب عن الأسئلة الآتية بإجابة حرة:

- ١- ما اسمك ؟  
 ٢- كم سنة عمرك ؟  
 ٣- أين تسكن ؟  
 ٤- في أي شارع تُسكن ؟  
 ٥- في أي حي تسكن ؟

## الدرس السابع: السكن- ٢

مُحَمَّدُ طَالِبٌ فِي الْمَدْرَسَةِ الثَّانَوِيَّةِ، عُمُرُهُ تِسْعَ عَشْرَةَ سَنَةً وَهُوَ يَسْكُنُ فِي بَيْتٍ جَمِيلٍ فِي حَيِّ الْمَطَارِ فِي شَارِعِ الْقُدْسِ.

قَالَ مُحَمَّدٌ : يَا وَالِدِي لَا اسْتَطِيعُ النَّوْمَ وَلَا اسْتَطِيعُ الْقِرَاءَةَ. صَوْتُ الطَّائِرَاتِ مُرْعِجٌ. لِمَاذَا لَا نَنْتَقِلُ إِلَى بَيْتٍ جَدِيدٍ ؟

قَالَ وَالِدُهُ : إصْبِرْ يَا وَلَدِي، هَذِهِ آخِرُ سَنَةٍ لِلْمَطَارِ الْقَدِيمِ.

قَالَ مُحَمَّدٌ : وَهَلَّ الْمَطَارُ الْجَدِيدُ دَاخِلَ الْمَدِينَةِ أَيْضًا ؟

قَالَ وَالِدُهُ : لَا ، الْمَطَارُ الْجَدِيدُ خَارِجَ الْمَدِينَةِ.

إِبْتَسَمَ مُحَمَّدٌ ثُمَّ تَنَاوَلَ كِتَابَهُ .

## সপ্তম অধ্যায়: বাসস্থান-২

মুহাম্মদ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র, তার বয়স উনিশ বছর এবং সে বিমান বন্দর এলাকায় আল-কুদস সড়কে সুন্দর একটি বাড়ীতে থাকে ।

মুহাম্মদ তার বাবাকে বলল: হে বাবা আমি ঘুমাতে পারিনা এবং পড়তে পারিনা । বিমানের আওয়াজ/শব্দ বিরক্তিকর । কেন আমরা নতুন একটি বাড়ীতে স্থানান্তর হচ্ছিনা ?

তার বাবা বললেন : হে আমার ছেলে ধৈর্য ধর , এটি পুরানো বিমানবন্দরের শেষ বছর ।

মুহাম্মদ বলল : নতুন বিমানবন্দরও কি শহরের ভিতরে হবে ?

তার বাবা বললেন: না, নতুন বিমানবন্দর শহরের বাহিরে হবে ।

মুহাম্মদ হাসল অতঃপর তার বই পড়তে লাগল ।

## الكلمات والمفردات الجديدة

তার বয়স	عُمُرُهُ	সে হাসল	إِبْتَسَمَ	বাহিরে	خَارِجَ
সে থাকে	يَسْكُنُ	বছর	سَنَةً	শেষ বৎসর	آخِرُ سَنَةٍ
বিমানবন্দর	الْمَطَارِ	এলাকা	حَيِّ	আমরা স্থানান্তর হব	نَنْتَقِلُ
সড়ক	شَارِعِ	ঘুমোনো	النَّوْمِ	বিমানসমূহ	الطَّائِرَاتِ
পড়া	الْقِرَاءَةَ	আওয়াজ/শব্দ	صَوْتِ	আমি পারিনা	لَا اسْتَطِيعُ
বিরক্তিকর	مُرْعِجٌ	কেন?	لِمَاذَا	উনিশ	تِسْعَ عَشْرَةَ
ভূমি ধৈর্য ধর	إصْبِرْ	ভিতরে	دَاخِلَ	উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	الْمَدْرَسَةِ الثَّانَوِيَّةِ

### التدريبات :

(أ) أكمل الجمل التالية بالكلمة المناسبة :

- ١- محمد ..... في المدرسة الثانوية.
- ١- مدرس . ٢- طالب . ٣- تلميذ .
- ٢- يسكن محمد في بيت .....
- ١- جديد . ٢- واسع . ٣- جميل .
- ٣- بيت محمد في حي .....
- ١- المطار . ٢- السوق . ٣- الجامعة .
- ٤- يسكن محمد في شارع .....
- ١- الوزير . ٢- فلسطين . ٣- القدس .
- ٥- هذه آخر ..... للمطار القديم .
- ١- سنة . ٢- شهر . ٣- يوم .

(ب) أجب عن الأسئلة الآتية من النص:

- ١- أين يدرس محمد ؟
- ٢- كم سنة عمره ؟
- ٣- في أي حي يسكن ؟
- ٤- ما اسم الشارع الذي يسكن فيه ؟
- ٥- أين المطار القديم ؟
- ٦- أين المطار الجديد ؟

(ج) استبد كما في المثالين :

(المطارُ الجَدِيدُ خَارِجُ المَدِينَةِ)

- المثال الأول: (المدرسة) المدرسة الجديدة خارج المدينة .  
المثال الثاني: (داخل) المدرسة الجديدة داخل المدينة .

الآن دورك :

- |             |             |              |
|-------------|-------------|--------------|
| ١- (الملعب) | ٢- (وسط)    | ٣- (الحديقة) |
| ٤- (أمام)   | ٥- (المسيح) | ٦- (خلف)     |

(د) املأ الفراغ بالكلمة المناسبة من بين القوسين:

(شهر - داخل - سنة - لا - هل)

- ١- عمري ست عشرة .....
- ٢- ..... أستطيع النوم .

٣- ..... التلميذ الجديدة داخل الصف؟

٤- هذا آخر ..... للسيارة القديمة.

٥- الكتاب الجديد ..... الحقيبة .

ح) رتب الكلمات الآتية لتكون جملا مفيدة :

١- سنة- عمرها- عشرة- خمس - فاطمة .

٢- ذهب- حذيقه- لا- لماذا- جميلة- إلى-؟

٣- يوم- هذا- للمدير- أول- الجديد .

٤- القلم- الحقيبة- الأحمر- خارج .

٥- فلسطين- المدرس- حي- في- يسكن .

ط) استبدل مع تغيير ما يلزم كما في المثالين:

(لماذا لا ننتقل إلى بيت جديد؟)

المثال الأول : (مدرسة) لماذا لا ننتقل إلى مدرسة جديدة ؟

المثال الثاني : (جميل) لماذا لا ننتقل إلى مدرسة جميلة ؟

الآن دورك :

١- (ملعب)

٢- (واسع)

٣- (غرفة)

٤- (صغير)

٥- (مسيح)

## অষ্টম অধ্যায়: লাইব্রেরিতে

## الدرس الثامن: في المكتبة

কথোপকথন:

মুহাম্মদ : এইটি কি তোমার ব্যাগ ?  
 ওমর : হ্যাঁ, এইটি আমার ব্যাগ ।  
 মুহাম্মদ : তুমি কি নিশ্চিত ?  
 ওমর : হ্যাঁ, আমি নিশ্চিত । কেন ?  
 মুহাম্মদ : এইটি আমারই ব্যাগ ।  
 ওমর : তোমার ব্যাগটি কি কালো ?  
 মুহাম্মদ : হ্যাঁ, আমার ব্যাগটি কালো ।  
 ওমর : তোমার ব্যাগের মধ্যে কী আছে ?  
 মুহাম্মদ : আমার ব্যাগের মধ্যে বই আছে ।  
 ওমর : দয়া করে তুমি দেখ । এইটি  
 কি তোমার ব্যাগ ?  
 মুহাম্মদ : দুঃখিত এইটি আমার ব্যাগ  
 নয় । এটি শুধু রঙেই এক  
 রকম ।

الحوار :

مُحَمَّدٌ : هَلْ هَذِهِ حَقِيبَتُكَ ؟  
 عُمَرُ : نَعَمْ ، هَذِهِ حَقِيبَتِي .  
 مُحَمَّدٌ : هَلْ أَنْتَ مُتَأكَّدٌ ؟  
 عُمَرُ : نَعَمْ أَنَا مُتَأكَّدٌ ، لِمَاذَا ؟  
 مُحَمَّدٌ : هَذِهِ حَقِيبَتِي أَنَا .  
 عُمَرُ : هَلْ حَقِيبَتُكَ سَوْدَاءُ ؟  
 مُحَمَّدٌ : نَعَمْ ، حَقِيبَتِي سَوْدَاءُ .  
 عُمَرُ : مَاذَا فِي حَقِيبَتِكَ ؟  
 مُحَمَّدٌ : فِي حَقِيبَتِي كُتُبٌ .  
 عُمَرُ : تَفَضَّلْ ، انظُرْ . هَلْ هَذِهِ  
 حَقِيبَتُكَ ؟  
 مُحَمَّدٌ : مَعذِرَةٌ هَذِهِ لَيْسَتْ حَقِيبَتِي ، هِيَ  
 مِثْلَهَا فِي اللَّوْنِ فَقَطْ .

### الكلمات والمفردات الجديدة

নিশ্চিত	مُتَأكَّدٌ	আমার ব্যাগ	حَقِيبَتِي	চশমা	نظارة
কেন ?	لِمَاذَا	কালো (স্ত্রী)	سَوْدَاءُ	সাদা (পু)	أَبْيَضُ
বই সমূহ	كُتُبٌ	কালো (পু)	أَسْوَدُ	সাদা (স্ত্রী)	بَيْضَاءُ
না/নয়(স্ত্রী)	لَيْسَتْ	সবুজ (স্ত্রী)	خَضْرَاءُ	রঙ	اللون
না/নয়(পু)	لَيْسَ	সবুজ (পু)	أَخْضَرُ	তুমি দেখ	انظر
তার মত	مِثْلَهَا	লাল (স্ত্রী)	حَمْرَاءُ	দয়া করে	تفضل
শুধুমাত্র	فقط	লাল (পু)	أَحْمَرُ	তোমার ব্যাগ	حَقِيبَتِكَ

التدريبات :

(أ) أجب عن الأسئلة الآتية من نص الحوار :

- ১- ماذا في حقيبة محمد ؟
- ২- هل حقيبة عمر سوداء ؟

٣- هل حقيبة محمد حمراء ؟

٤- لمن الحقيبة ؟

(ب) استبدل مع تغيير ما يلزم كما في المثالين :

(هَلْ حَقِيْبَتُكَ سَوْدَاءُ ؟)

المثال الأول: (كتاب) هل كتابك أسود ؟

المثال الثاني: (خضراء) هل كتابك أخضر ؟

الآن دورك :

٣- (قلم)

٢- (حمراء)

١- (سيارة)

٥- (نظارة)

٤- (بيضاء)

(ج) استبدل مع تغيير ما يلزم كما في المثالين:

(هَذِهِ لَيْسَتْ حَقِيْبَتِي)

المثال الأول: (قلم) هذا ليس قلمي .

المثال الثاني: (ساعة) هذه ليست ساعتني .

الآن دورك :

٣- (أخ)

٢- (غرفة)

١- (كتاب)

٦- (والدة)

٥- (صديق)

٤- (أخت)

(د) اسأل وأجب كما في المثال :

المثال : (أقلام) ماذا في حقيبتك ؟ في حقيبتني أقلام.

الآن دورك :

٣- (أوراق)

٢- (مساطر)

١- (دفاتر)

٦- (ملابس)

٥- (طوابع)

٤- (صحف)

## الدرس التاسع: الحقيبة المفقودة

دَخَلَ إِبرَاهِيمُ الْمَكْتَبَةَ، قَرَأَ قَلِيلًا ثُمَّ خَرَجَ . بَحَثَ إِبرَاهِيمُ عَنِ حَقِيبَتِهِ الْخَضْرَاءِ خَارِجَ الْمَكْتَبَةِ . مَا وَجَدَ إِبرَاهِيمُ الْحَقِيبَةَ . شَاهَدَ إِبرَاهِيمُ صَدِيقَهُ أَحْمَدَ هُوَ يَحْمِلُ حَقِيبَةَ خَضْرَاءَ . سَأَلَ إِبرَاهِيمُ أَحْمَدَ : لِمَاذَا أَخَذْتَ حَقِيبَتِي؟ أَجَابَ أَحْمَدُ : هَذِهِ حَقِيبَتِي أَنَا . ثُمَّ فَتَحَ الْحَقِيبَةَ وَقَالَ لِإِبرَاهِيمَ : انظُرْ دَاخِلَ الْحَقِيبَةَ . هَذِهِ مَلَاسِي، ثُمَّ أَغْلَقَ الْحَقِيبَةَ . تَعَجَّبَ إِبرَاهِيمُ هَذِهِ الْحَقِيبَةَ تُشْبِهُ حَقِيبَتَهُ، ثُمَّ اعْتَذَرَ وَقَالَ لِأَحْمَدَ : عَفْوًا هَذِهِ لَيْسَتْ حَقِيبَتِي، فِي حَقِيبَتِي كُتُبٌ وَذَفَاتِيرُ وَأَقْلَامٌ . قَالَ لَهُ أَحْمَدُ : رَبِّمَا تُجِدُ حَقِيبَتَكَ فِي الْمَكْتَبَةِ .

نَسِيَ إِبرَاهِيمُ مَكَانَ حَقِيبَتِهِ، هَلْ هِيَ فِي الصَّفِّ؟ هَلْ هِيَ فِي الْمَلْعَبِ؟ تُذَكِّرُ آخِرًا مَكَانَ الْحَقِيبَةِ . نَعَمْ هِيَ فِي الْبَيْتِ .

## নবম অধ্যায়: হারানো ব্যাগ

ইব্রাহিম লাইব্রেরিতে প্রবেশ করল, কিছুক্ষন পড়ল, তারপর বাহির হল। ইব্রাহিম লাইব্রেরির বাহিরে তার সবুজ ব্যাগটি খোঁজতেছিল। ইব্রাহিম তার ব্যাগটি পায়নি। ইব্রাহিম তার বন্ধু আহমদকে দেখল যে, সে একটি সবুজ ব্যাগ বহন করছে। ইব্রাহিম আহমদকে জিজ্ঞাসা করল কেন তুমি আমার ব্যাগটি নিয়েছ? আহমদ উত্তর দিল এইটি তো আমারই ব্যাগ। অতঃপর সে ব্যাগটি খোলল এবং ইব্রাহিমকে বলল তুমি দেখ এইগুলো আমার কাপড়, তারপর ব্যাগটি বন্ধ করল, ইব্রাহিম অবাক হল এই ব্যাগটি ঠিক তার ব্যাগটির মত, তারপর সে দুঃখ প্রকাশ করল এবং আহমদকে বলল ক্ষমা কর এইটি আমার ব্যাগ নয় আমার ব্যাগের মধ্যে বই, খাতা ও কলম আছে। আহমদ ইব্রাহিমকে বলল সম্ভবত তুমি তোমার ব্যাগটি লাইব্রেরিতে পেয়ে যাবে। ইব্রাহিম তার ব্যাগের স্থান ভুলে গিয়েছে। সেটি কি শ্রেণী কক্ষে? সেটি কি খেলার মাঠে? শেষ পর্যায়ে ইব্রাহিম ব্যাগের স্থান স্মরণ করতে পারল। হ্যাঁ, সেটি বাড়ীতে।

الكلمات والمفردات الجديدة

স্বল্প/সামান্য	قليلًا	পড়ছে	قرأ	স্মরণ করা	تذكر
বাহিরে	خارج	খোঁজ করা	بحث	খেলার মাঠ	الملاعب
তার বন্ধু	صديقه	পাওয়া	وجد	খাতাসমূহ	ذفاتر
সে বহন করে	يحمل	দেখা/প্রত্যক্ষ করা	شاهد	দুঃখ প্রকাশ করা	اعتذر
কেন?	لماذا	প্রশ্ন করা	سأل	এক রকম	نصيبه
তুমি গ্রহণ করেছ	أخذت	খোলা	فتح	অবাক হওয়া	تعجب
ভিতরে	داخل	বন্ধ করা	أغلق	আমার কাপড়	ملابسي
শেষ পর্যায়ে	أخيراً	ক্ষমা কর	عفواً	তুমি দেখ	أنظر
সম্ভবত	رُبّما	কলমসমূহ	أقلام	সবুজ	الخضراء
তুমি পাবে	تجد	স্থান	مكان	লাইব্রেরি	المكتبة
সে ভুলে গিয়েছে	نسي	শ্রেণীকক্ষ	الصف	প্রবেশ করেছে	دخل

التدريبات :

أ) أكمل الجمل الآتية بالكلمة المناسبة:

- ১- بحث إبراهيم عن.....
- ১- ساعته .
- ২- كتابه .
- ৩- حقيبه .
- ২- حقيبه إبراهيم .....
- ১- خضراء .
- ২- حمراء .
- ৩- نسي إبراهيم حقيبه في .....
- ১- المكتبة .
- ২- البيت .
- ৩- الصف .
- ৪- في حقيبه أحمد .....
- ১- ملابس .
- ২- كتب .
- ৩- أقلام .
- ৫- ..... إبراهيم في المكتبة قليلا .
- ১- كتب .
- ২- لعب .
- ৩- قرأ .

ب) أجب عن الأسئلة الآتية من النص :

- ১- أين دخل إبراهيم ؟
- ২- ماذا فعل في المكتبة ؟
- ৩- ماذا يحمل أحمد ؟
- ৪- ماذا في حقيبه إبراهيم ؟
- ৫- ماذا في حقيبه أحمد ؟
- ৬- أين حقيبه إبراهيم ؟

ج) صل بين الكلمات المضادة في المعنى :

فتح	قليل
اجاب	قديم
خارج	أغلق
جديد	داخل
كثير	سأل

د) استبدل مع تغيير ما يلزم كما في المثالين:  
(لَمَاذَا أَخَذْتَ حَقِيْبَتِي؟)

المثال الأول : (أنت) لَمَاذَا أَخَذْتَ حَقِيْبَتِي؟

المثال الثاني : (قلم) لَمَاذَا أَخَذْتَ قَلَمِي؟

الآن دورك :

١- (هو) ٢ (ساعة) ٣- (هي) ٤- (دفاتر) ٥- (أنت)

ح) املا الفراغ بالكلمة المناسبة من بين القوسين :

(أحمر - ليست - قليلا - ليس - بيضاء)

١- هذا ..... أخي .

٢- قلم التلميذ .....

٣- هذه ..... أختي .

٤- نظارة المدرس .....

٥- التلميذة قرأت .....

ط) رتب الكلمات الآتية لتكون جملا مفيدة :

١- عن- المديرة- كتابها- بحثت- الحقيبة- خارج.

٢- قلمي- ليس- عفوا- هذا. ٣- حسن- كتابي- لماذا- أخذ؟

٤- أنت- دفتر- تحمل- أبيض. ٥- سيارته- المدير- الشارع- نسي- في .

ي) استبدل كما في المثال :

(إِبْرَاهِيمُ مَا وَجَدَ الْحَقِيْبَةَ)

المثال : (فتح/الكتاب) إبراهيم ما فتح الكتاب .

الآن دورك :

١- (أغلق/النافذة) ٢- (كتب/الرسالة) ٣- (قرأ/الصحيفة)

٤- (أخذ/القلم) ٥- (تناول/الطور) ٦- (لعب/الكرة)

## الدرس العاشر: الدراسة

حَسَنٌ طَالِبٌ أُنْدُونِيْسِيٌّ، يَدْرُسُ فِي الْجَامِعَةِ الْإِسْلَامِيَّةِ بِالْمَدِيْنَةِ الْمَنُورَةِ. سَافَرَ حَسَنٌ إِلَى السُّعُوْدِيَّةِ قَبْلَ ثَلَاثِ سَنَوَاتٍ لِيَدْرُسَ اللُّغَةَ الْعَرَبِيَّةَ وَالْإِسْلَامَ.

حَسَنٌ يَتَحَدَّثُ الْآنَ الْعَرَبِيَّةَ جَيِّدًا وَيَحْفَظُ الْقُرْآنَ الْكَرِيمَ وَيَفْهَمُ أَحَادِيثَ الرَّسُولِ وَيَقْرَأُ الْكُتُبَ الْعَرَبِيَّةَ، وَهُوَ يَكْتُبُ الرِّسَالَةَ إِلَى أَسْدِقَائِهِ بِاللُّغَةِ الْعَرَبِيَّةِ أَيْضًا، وَهُوَ يَقُولُ لَهُمْ: الْعَرَبِيَّةُ الْآنَ لُغَةٌ مُهِمَّةٌ فِي الْعَالَمِ، وَهِيَ لُغَةُ الْقُرْآنِ الْكَرِيمِ وَالْإِسْلَامِ.

سَيَرْجِعُ حَسَنٌ إِلَى بِلَدِهِ بَعْدَ سَنَةٍ لِيَدْرُسَ اللُّغَةَ الْعَرَبِيَّةَ وَالْإِسْلَامَ هُنَاكَ.

### দশম অধ্যায়: অধ্যয়ন

হাসান ইন্দোনেশিয়ান ছাত্র, মদিনা ইসলামি বিশ্ববিদ্যালয়ে সে অধ্যয়ন করে, হাসান তিন বছর পূর্বে আরবি ভাষা ও ইসলাম অধ্যয়ন করার জন্য সৌদি আরব ভ্রমণ করেছিল।

হাসান এখন আরবি ভাষা ভালো বলতে পারে এবং সে কুরআন করিম মুখস্ত করে ও রাসুল (সঃ) এর হাদিসসমূহ বুঝে, এবং সে তার বন্ধুদেরকে আরবি ভাষাতেও চিঠি লিখে, সে তাদেরকে বলে : আরবি এখন বিশ্বের গুরুত্বপূর্ণ ভাষা , এবং সেটি কুরআন করিম ও ইসলামের ভাষা।

হাসান শীঘ্রই আরবি ভাষা ও ইসলাম শিক্ষা দেওয়ার জন্য তার দেশে ফিরে যাবে।

### الكلمات والمفردات الجديدة

সে লিখে	يَكْتُبُ	আরবি	العَرَبِيَّةُ	বছরসমূহ	سَنَوَاتٍ
চিঠি/পত্র	الرِّسَالَةَ	সে বলে	يَتَحَدَّثُ	ভাষা	اللُّغَةَ
তার বন্ধুরা	أَسْدِقَائِهِ	ভালোভাবে	جَيِّدًا	পূর্বে	قَبْلَ
সে বলে	يَقُولُ	মুখস্ত করা	يَحْفَظُ	তিন	ثَلَاثَ
গুরুত্বপূর্ণ	مُهْمَةٌ	সে বুঝে	يَفْهَمُ	বিশ্ববিদ্যালয়	الْجَامِعَةَ
সমগ্র বিশ্ব	الْعَالَمِ	বাণীসমূহ	أَحَادِيثُ	ভ্রমণ করেছে	سَافَرَ
তার দেশ/শহর	بِلَدِهِ	সে পড়ে	يَقْرَأُ	বইসমূহ	الْكَتُبَ
অধ্যাপনা করা	يُدْرُسُ	সে ফিরে যাবে	سَيَرْجِعُ	অধ্যয়ন করা	يَدْرُسُ

## التدريبات :

### (أ) أكمل الجمل الآتية بالكلمة المناسبة :

- ١- حسن طالب .....
- ١- نيجيري . ٢- باكستاني .
- ٢- الجامعة الإسلامية في ..... المنورة .
- ١- الرياض . ٢- المدينة .
- ٣- حضر حسن قبل ..... سنوات .
- ١- خمس . ٢- ست .
- ٤- حسن يكتب ..... إلى أصدقائه .
- ١- الرسائل . ٢- الصحف .
- ٥- سيرجع حسن إلى بلده بعد .....
- ١- شهر . ٢- يوم .

### (ب) أجب عن الأسئلة الآتية من النص :

- ١- ما جنسية حسن ؟
- ٢- أين يدرس ؟
- ٣- أين الجامعة الإسلامية ؟
- ٤- أين المدينة المنورة ؟
- ٥- لمن يكتب حسن الرسائل ؟
- ٦- ماذا يدرس حسن ؟

### (ج) استبدل كما في المثال :

(سافر حسن إلى السعودية قبل ثلاث سنوات)

المثال : (البحرين/أربع) سافر حسن إلى البحرين قبل أربع سنوات .

### الآن دورك :

- ١- (نيجيريا/خمس) ٢- (تركيا/ست) ٣- (أفغانستان/سبع)
- ٤- (إيران/ثمانية) ٥- (قطر/تسع)

### (د) املأ الفراغ بالكلمة المناسبة من بين القوسين :

(يُدْرَسُ - يدرُسُ - قبل - نحن - بعد)

- ١- سافرت فاطمة ..... خمس سنوات .
- ٢- ..... التلميذ اللغة العربية .
- ٣- سأرجع إلى البيت ..... ساعة .
- ٤- ..... المدرس الحساب .
- ٥- ..... نتحدث العربية جيدا .

ح) رتب الكلمات الآتية لتكون جملا مفيدة :

- ١- قبل- أحمد- العراق - سنوات- سافر- إلى- ست
- ٢- حسن- ماليزيا- ليدرس- إلى- العربية- ذهب- اللغة .
- ٣- بلدي- شهر- إلى- سأرجع- بعد .
- ٤- تفهم- القرآن- أنت- جيدا- الآن- الكريم .
- ٥- القرآن- العربية- الكريم - هي- لغة .

ط) استبدل كما في المثالين :

(سأرجع إلى بلدي بعد سنة)

المثال الأول : (عائلة) سأرجع إلى عائلتي بعد سنة .

المثال الثاني : (شهر) سأرجع إلى عائلتي بعد شهر .

الآن دورك :

٣- (مدرسة)

٢- (أسبوع)

١- (بيت)

٦- (ساعة)

٥- (غرفة)

٤- (يوم)

## একাদশ অধ্যায়: স্কুলের দিকে

## الدرس الحادي عشر: إلى المدرسة

### কথোপকথন

- হাসান : তুমি কি স্কুল থেকে দূরে থাক?  
 আহমদ : হ্যাঁ, আমি স্কুল থেকে দূরে থাকি।  
 তুমি?  
 হাসান : আমি স্কুলের পাশে থাকি।  
 আহমদ : তুমি কীভাবে স্কুলে যাও?  
 হাসান : আমি পায়ে হেঁটে যাই। তুমি?  
 আহমদ : আমি বাসে করে যাই।  
 হাসান : কয় ঘটায় তুমি স্কুলে পৌঁছে যাও?  
 আহমদ : আমি আধা ঘটায় পৌঁছি। তুমি?  
 হাসান : আমি দশ মিনিটে পৌঁছে যাই।  
 আহমদ : কখনো বাস প্রচুর বিলম্ব করে।  
 হাসান : কেন তুমি সাইকেল ক্রয় করছ না?  
 আহমদ : রাস্তায় সর্বদা ভিড় থাকে এবং  
 আমি সাইকেল চালাতে পারি না।

### الجوار

- حَسَنٌ : هَلْ تَسْكُنُ بَعِيدًا عَنِ الْمَدْرَسَةِ؟  
 أَحْمَدُ : نَعَمْ، أَسْكُنُ بَعِيدًا عَنِ الْمَدْرَسَةِ وَأَنْتَ؟  
 حَسَنٌ : أَنَا أَسْكُنُ قَرِيبًا مِنَ الْمَدْرَسَةِ.  
 أَحْمَدُ : كَيْفَ تَذْهَبُ إِلَى الْمَدْرَسَةِ؟  
 حَسَنٌ : أَذْهَبُ مَاشِيًا وَأَنْتَ؟  
 أَحْمَدُ : أَنَا أَذْهَبُ بِالْحَافِلَةِ.  
 حَسَنٌ : فِي كَمْ سَاعَةٍ تُصِلُ إِلَى الْمَدْرَسَةِ؟  
 أَحْمَدُ : أَصِلُ فِي نِصْفِ سَاعَةٍ وَأَنْتَ؟  
 حَسَنٌ : أَنَا أَصِلُ فِي عَشْرِ دَقَائِقَ.  
 أَحْمَدُ : أَحْيَانًا الْحَافِلَةُ تَتَأَخَّرُ كَثِيرًا.  
 حَسَنٌ : لِمَاذَا لَا تَشْتَرِي دَرَّاجَةً؟  
 أَحْمَدُ : الطَّرِيقُ مُزْدَحْمَةٌ دَائِمًا وَلَا  
 أَسْتَطِيعُ قِيَادَةَ الدَّرَّاجَةِ.

### الكلمات والمفردات الجديدة

কীভাবে	كَيْفَ	দূরে	بَعِيدًا	তুমি থাক/বাস কর	تَسْكُنُ
কত	كَمْ	পাশে/নিকটে	قَرِيبًا	আমি থাকি	أَسْكُنُ
আধা	نِصْفَ	পায়ে হেঁটে	مَاشِيًا	সর্বদা	دَائِمًا
দশ	عَشْرَ	বাস	الْحَافِلَةِ	আমি যাই	أَذْهَبُ
সাইকেল	دَرَّاجَةً	ঘড়ি/ঘন্টা	سَاعَةً	তুমি পৌঁছাও	تُصِلُ
সড়ক/রাস্তা	الطَّرِيقُ	মিনিটসমূহ	دَقَائِقَ	আমি পৌঁছি	أَصِلُ
ভিড়	مُزْدَحْمَةٌ	কখনো	أَحْيَانًا	আমি পারি	أَسْتَطِيعُ
চালানো	قِيَادَةَ	তুমি ক্রয় করবে	تَشْتَرِي	সে বিলম্ব করে	تَتَأَخَّرُ

### التدريبات :

(أ) أجب عن الأسئلة الآتية من النص :

١- أين يسكن حسن ؟

٢- أين يسكن أحمد ؟

- ٣- كيف يذهب حسن إلى المدرسة ؟  
 ٤- كيف يذهب أحمد إلى المدرسة ؟  
 ٥- في كم ساعة يصل أحمد إلى المدرسة ؟  
 ٦- في كم دقيقة يصل حسن إلى المدرسة ؟

(ب) استبدل كما في المثالين :

(فِي كَمْ سَاعَةٍ تُصِلُ إِلَى الْمَدْرَسَةِ ؟)

المثال الأول : (دقيقة) فِي كَمْ دَقِيقَةٍ تُصِلُ إِلَى الْمَدْرَسَةِ ؟  
 المثال الثاني : (المطار) فِي كَمْ دَقِيقَةٍ تُصِلُ إِلَى الْمَطَارِ ؟

الآن دورك :

- ١- (يوم)                      ٢- (الكويت)                      ٣- (أسبوع)  
 ٤- (السعودية)                      ٥- (شهر)                      ٦- (السودان)

(ج) استبدل كما في المثال :

(أنا أَذْهَبُ مَاشِيًا)

المثال : (قرأ / وقف) أنا أَقْرَأُ وَأَقِفَا .

الآن دورك :

- ١- (كتب / جلس)                      ٢- (حضر / ضحك)                      ٣- (رجع / ركب)  
 ٤- (دخل / سكت)                      ٥- (خرج / فهم)                      ٦- (ذهب / مشي)

(د) أجب عن الأسئلة الآتية من نفسك .

- ١- هل تسكن بعيدا عن الجامعة ؟                      ٢- كيف تذهب إلى الجامعة ؟  
 ٣- في كم ساعة تصل إلى الجامعة ؟                      ٤- هل تسكن قريبا من السوق ؟  
 ٥- كيف تذهب إلى السوق ؟

## الدرس الثاني عشر: اشتراء الدراجة

مُحَمَّدٌ يَسْكُنُ بَعِيدًا عَنِ الْمَدْرَسَةِ وَهُوَ يَصِلُ دَائِمًا مُتَأَخِّرًا إِلَى الْمَدْرَسَةِ. قَالَ مُحَمَّدٌ: يَا وَالِدِي أَحْتَاجُ إِلَى دَرَّاجَةٍ. قَالَ وَالِدُهُ: حَسَنًا سَأَسْتَشِرُّ لَكَ دَرَّاجَةً جَمِيلَةً.

ذَهَبَ مُحَمَّدٌ إِلَى السُّوقِ مَعَ وَالِدِهِ. وَقَفَ مُحَمَّدٌ أَمَامَ مَعْرُضِ الدَّرَّاجَاتِ. هَذِهِ دَرَّاجَةٌ كَثِيرَةٌ وَتِلْكَ دَرَّاجَةٌ صَغِيرَةٌ وَهَذَا دَرَّاجَةٌ خَضْرَاءُ وَهُنَاكَ دَرَّاجَةٌ حُمْرَاءُ.

قَالَ مُحَمَّدٌ لِلْبَائِعِ: أَرِيدُ تِلْكَ الدَّرَّاجَةَ الْحُمْرَاءَ. أَحْضَرَ الْبَائِعُ الدَّرَّاجَةَ وَقَالَ لِمُحَمَّدٍ: تَفَضَّلْ.

رَكِبَ مُحَمَّدٌ الدَّرَّاجَةَ ثُمَّ قَالَ لَوَالِدِهِ: هَذِهِ دَرَّاجَةٌ سَرِيعَةٌ يَا وَالِدِي. قَالَ وَالِدُهُ: حَقًّا هَذِهِ دَرَّاجَةٌ سَرِيعَةٌ وَجَمِيلَةٌ. قَالَ مُحَمَّدٌ: يَا وَالِدِي سَأَصِلُ إِلَى الْمَدْرَسَةِ دَائِمًا مُبَكِّرًا.

### দ্বাদশ অধ্যায়: সাইকেল ক্রয়

মুহাম্মদ স্কুল থেকে দূরে থাকে এবং সে সর্বদা স্কুলে বিলম্বে পৌঁছে। মুহাম্মদ তার বাবাকে বলল যে বাবা: আমার একটি সাইকেল প্রয়োজন। তার বাবা বললেন: ভালো কথা, আমি তোমার জন্য একটি সুন্দর সাইকেল ক্রয় করব।

মুহাম্মদ তার বাবার সাথে বাজারে গেল এবং সাইকেলের শোরুমের সামনে দাঁড়াল। এইটি একটি বড় সাইকেল এবং এটি একটি ছোট সাইকেল, এখানে একটি সবুজ সাইকেল আছে এবং ওখানে একটি লাল সাইকেল রয়েছে।

মুহাম্মদ বিক্রেতাকে বলল: আমি ঐ লাল সাইকেলটি চাই। বিক্রেতা সাইকেলটি নিয়ে আসল এবং বলল: দয়া করে গ্রহণ কর।

মুহাম্মদ সাইকেলে চড়ল। তারপর তার বাবাকে বলল: বাবা এইটি একটি দ্রুতগামী সাইকেল। তার বাবা বললেন: সত্যি এটি একটি দ্রুতগামী ও সুন্দর সাইকেল। মুহাম্মদ বলল: হে বাবা আমি এখন স্কুলে সর্বদা তাড়াতাড়ি পৌঁছাব।

## الكلمات والمفردات الجديدة

সর্বদা	دَائِمًا	সে পৌছাবে	يَصِلُ	সে থাকে/বাস করে	يَسْكُنُ
সাহিকেল	دَرَّاجَةٌ	বিলম্বে	مُتَأَخِّرًا	দূরে	بَعِيدًا
সে দাঁড়াল	وَقَفَ	ঠিক আছে	حَسَنًا	আমি মুখাপেক্ষী	أَحْتَاجُ
সামনে	أَمَامَ	বাজার	السُّوقِ	আমি ক্রয় করব	أَشْتَرِي
দয়া করে	تَفَضَّلْ	বিক্রেতা	الْبَائِعِ	প্রদর্শনী/শো-রুম	مَعْرُضِ
সবুজ	خَضْرَاءُ	নিম্নে আসা	أَحْضَرَ	সে আরোহণ করল	رَكِبَ
সত্যি	حَقًا	আমি পৌছাব	سَأَصِلُ	লাল	حَمْرَاءَ
তারপর	ثُمَّ	ভোরে/তাড়াতাড়ি	مُبَكِّرًا	দ্রুতগামী	سَرِيعَةً

### التدريبات :

#### (أ) أكمل الجمل الآتية بالكلمة المناسبة :

- محمد يسكن بعيدا عن .....  
 ১- السوق. ২- المدرسة. ৩- الحديقة.
- يحتاج محمد إلى .....  
 ১- سيارة. ২- نظارة. ৩- دراجة.
- ذهب محمد إلى السوق مع .....  
 ১- والدته. ২- والده. ৩- ولده.
- وقف محمد أمام معرض .....  
 ১- الدراجات. ২- السيارات. ৩- الساعات.
- محمد يريد الدراجة .....  
 ১- الخضراء. ২- السوداء. ৩- الحمراء.

#### (ب) أجب عن الأسئلة الآتية من النص :

- أين يسكن محمد ? ১- أين يسكن محمد ? ২- ما الذي يحتاج إليه ? ৩- إلى أين ذهب مع والده ?
- ماذا في معرض الدراجات ? ৪- ماذا أحضر البائع ? ৫- ماذا أحضر البائع ?

#### (ج) استبدل مع تغيير ما يلزم كما في المثالين :

(سَأَشْتَرِي لَكَ دَرَّاجَةً جَمِيلَةً .)

المثال الأول: (قلم) سَأَشْتَرِي لَكَ قَلَمًا جَمِيلًا .

المثال الثاني: (جديد) سَأَشْتَرِي لَكَ قَلَمًا جَدِيدًا .

الآن دورك :

- ١- (ساعة) ٢- (ممتاز) ٣- (كتاب)  
٤- (صغير) ٥- (حقيبة)

د) املأ الفراغ بالكلمة المناسبة من بين القوسين :  
(أمام- إلى- من- مع- عن )

- ١- أحتاج ..... حقيبة جديدة.  
٢- ذهب حسن ..... صديقه إلى المكتبة .  
٣- وقفت المدرسة ..... الصف.  
٤- أسكن بعيدا ..... السوق.  
٥- ألعب قريبا ..... البيت.

ح) رتب الكلمات الآتية لتكون جملا مفيدة :

- ١- جديدة- له- ساعة- سأشتري.  
٢- البيت- أخته- رجع- إلى- أحمد- مع.  
٣- المدرسات - المديرية- أمام- وقفت- غرفة.  
٤- البيضاء- أريد- النظارة- تلك.  
٥- المدرسة- إلى- سأذهب- مبكرا- دائما.

ط) استبدل مع تغيير ما يلزم كما في المثالين :  
(أنا - ذهبتُ إلى السُّوقِ مَعَ وَالِدِي)

المثال الأول: (أنت/صديق) (أنت)- ذهبتُ إلى السُّوقِ مَعَ صَدِيقِكَ .  
المثال الثاني: (فاطمة/ والدة) (فاطمة) ذهبتُ إلى السُّوقِ مَعَ وَالِدَتِهَا .

الآن دورك :

- ١- ( هو / أخت) ٢- (هي / صديقة) ٣- (نحن / جد)  
٤- (أنا/ والد) ٥- (أحمد/ صديق) ٦- (فاطمة/ والد)

## ত্রয়োদশ অধ্যায়: শহরে الدرس الثالث عشر: فِي الْمَدِينَةِ

কথোপকথন

الحوار

পুত্র : বাবা আপনি শহর থেকে কখন এসেছেন?

الابن : متى حضرت من المدينة يا ابي؟

পিতা : আমি কিছুক্ষন পূর্বে এসেছি। তুমি কি প্রথম বইটি পড়েছ ?

الاب : حضرت قبل ساعة. هل قرأت الكتاب الأول؟

পুত্র : হ্যাঁ, প্রথম বই এবং দ্বিতীয় বইটিও পড়েছি।

الابن : نعم. قرأت الكتاب الأول والكتاب الثاني أيضًا.

পিতা : সেই দু'টি সম্পর্কে তোমার অভিমত কী?

الاب : ما رأيك فيهما؟

পুত্র : বই দু'টি চমৎকার। শহর থেকে আপনি কি নিয়ে এসেছেন?

الابن : الكتابان ممتازان. ماذا حضرت من المدينة؟

পিতা : কিছু পত্রিকা ও সাময়িকী নিয়ে এসেছি। বই দু'টি কেথায়?

الاب : حضرت بعض المجلات والصحف. واين الكتابان؟

পুত্র : প্রথম বইটি আহমদকে এবং দ্বিতীয় বইটি ফাতিমাকে দিয়েছি।

الابن : أعطيت الكتاب الأول لأحمد والكتاب الثاني لفاطمة.

পিতা : আগামীকাল আমি শহরে যাব এবং তোমার জন্য আরো কিছু বই কিনে আনব ইনশাআল্লাহ।

الاب : غدا سآذهب إلى المدينة. وأشتري لك بعض الكتب الأخرى إن شاء الله.

### الكلمات والمفردات الجديدة

সাময়িকী	المجلات	পুত্র	الابن	আপনি এসেছেন	حضرت
পত্রিকা	الصحف	পিতা	الاب	আপনি নিয়ে এসেছেন	أحضرت
আমি যাব	سآذهب	কখন	متى	তুমি পড়েছ	قرأت
আমি কিনব	أشتري	প্রথম	الأول	তোমার অভিমত	رأيك
বইসমূহ	الكتب	দ্বিতীয়	الثاني	সেই দু'টি সম্পর্কে	فيهما
আরো/অন্যান্য	الأخرى	কিছু	بعض	বই দু'টি	الكتابان
চমৎকার	ممتازان	আগামীকাল	غدا	যদি আল্লাহর ইচ্ছা হয়	إن شاء الله
পূর্বে	قبل	ঘড়ি/ঘন্টা	ساعة	আমি দিয়েছি	أعطيت

### التكديبات :

(أ) أجب عن الأسئلة الآتية من نص الحوار :

- ١- متى حضر الأب من المدينة ؟
- ٢- ماذا قرأ الابن ؟
- ٣- ماذا أحضر الأب من المدينة ؟
- ٤- لمن أعطى الابن الكتاب الأول والكتاب الثاني ؟
- ٥- ماذا سيشتري الأب من المدينة ؟

(ب) استبدل مع تغيير ما يلزم كما في المثالين :

